প্রেস বিজ্ঞপ্তি
শনিবার, ২৬ সেপ্টেম্বর ২০১৫

লন্ডনের বায়তুল ফুতুহ্ মসজিদে আগুন: অফিশিয়াল বিবৃতি

আজ শনিবার, ২৬ সেপ্টেম্বর ২০১৫, লন্ডন সময় আনুমানিক দুপুর ১২টায় আকস্মিকভাবে মর্ডেনের বায়তুল ফুতুহ্ মসজিদ কমপ্লেক্সের একটি অংশে আগুন ধরে যায়। আগুন দ্রুত বায়তুল ফুতুহ্ কমপ্লেক্স সংলগ্ন প্রশাসনিক ভবনে ছড়িয়ে পরে।

লন্ডন ফায়ার ব্রিগেড তৎপরতার সাথে ঘটনাস্থল পৌঁছে এবং পরবর্তী কয়েক ঘন্টার মধ্যে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়। খোদা তায়ালার অশেষ ফজলে সকলকে নিরাপদে ঘটনাস্থল থেকে সরিয়ে নেয়া হয় এবং নিঃশ্বাসে ধোঁয়া প্রবেশের কারণে একজনকে পরবর্তীতে চিকিৎসা প্রদান করা হয়।

যদিও প্রশাসনিক ভবনের একটি অংশে ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে, খোদার ফযলে মূল মসজিদের কোন ক্ষতি হয়নি।

নিষ্ঠা ও সাহসিকতাপূর্ণ সেবা প্রদানের জন্য জরুরী পরিসেবাসমূহ বিশেষতঃ লন্ডন ফায়ার ব্রিগেডের প্রতি আহমদীয়া মুসলিম সম্প্রদায় গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে। আল্লাহ্ তায়ালা তাদের উত্তম পুরস্কার দান করুন।

যদিও এমন আকস্মিক দূর্ঘটনা একটি পরিতাপের বিষয় তবুও কোন হতাহতের ঘটনা না ঘটায় এবং মসজিদটি সুরক্ষিত থাকায় আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের সদস্যরা আল্লাহ্ তায়ালার কাছে শুকরিয়া আদায় করছে ।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:
ফারুক আফতাব: 07854100659
ফরিদ আহমদ: 07974779138
media@pressahmadiyya.com